

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date: 20-12-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**TTADC :**

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদের একদিনের শীতকালীন অধিবেশন আগামী ৯ই জানুয়ারী খুমুলুং-এ এডিসি-র কাউন্সিল ভবনে অনুষ্ঠিত হবে। এডিসির চেয়ারম্যান জগদীশ দেববর্মা এই অধিবেশন আহ্বান করেন।

\*\*\*\*\*

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ পশ্চিমবঙ্গ এবং আসাম সফরে যাবেন। সফরকালে প্রধানমন্ত্রী নদীয়া জেলার রানাঘাটে জাতীয় মহাসড়ক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন এবং উদ্বোধন করবেন এবং জনসমাবেশে ভাষণ দেবেন। প্রধানমন্ত্রী আজই দুই দিনের আসাম সফরে যাবেন। সেখানে তিনি লোকপ্রিয় গোপীনাথ বরদলই আন্তর্জাতিক বিমানবন্দরের নতুন টার্মিনাল ভবনের উদ্বোধন করবেন। সফরের শেষ দিনে, শ্রী মোদী গুয়াহাটির বরাগাঁওয়ে শহীদ স্মারক ক্ষেত্রে ঐতিহাসিক আসাম আল্দোলনের শহীদদের প্রতি শুদ্ধা জানাবেন। পরে, প্রধানমন্ত্রী আসাম ভ্যালি ফার্টিলাইজার অ্যান্ড কেমিক্যাল কোম্পানি লিমিটেডের অ্যামোনিয়া-ইউরিয়া প্রকল্পের ভূমি পূজা করবেন।

\*\*\*\*\*

**Minister Santana Chakma :**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্তানা চাকমা বলেছেন কেন্দ্রীয় ও রাজ্য সরকার বেকার যুবক-যুবতী ও মহিলাদের আত্মনির্ভর করার জন্য বিভিন্ন প্রকল্প গ্রহণ করেছে। গতকাল আগরতলার রেন্টার্স কলোনী দক্ষিণেশ্বরী মিলনায়তনে

পুরনিগমের ৪২নং ওয়ার্ডের অন্তর্গত সদ্য সেলাই প্রশিক্ষণপ্রাপ্ত ১০০ জন মহিলার হাতে সেলাই মেশিন, শংসাপত্র ও অফার লেটার তুলে দিয়ে একথা বলেন। ৪৫ দিনব্যাপী মুখ্যমন্ত্রী দক্ষতা উন্নয়ন প্রকল্পে ১০০ জন মহিলাকে এই প্রশিক্ষণ দেওয়া হয়। প্রশিক্ষণপ্রাপ্ত এই ১০০ জন মহিলা ইন্দ্রনগরের আইটিআই রোড সংলগ্ন ডিজাইনার ক্লিয়েশন কার্যালয়ে অথবা নিজ নিজ এলাকায় স্বাউদ্যেগে ব্যাঙ্ক থেকে ঋণ নিয়ে কর্মসংস্থানের সুযোগ পাবেন। এই প্রকল্পে প্রতিটি সেলাই মেশিন পিছু ৭ হাজার টাকা করে ব্যয় হয়েছে।

\*\*\*\*\*

### **Science Fair :**

বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ বলেছেন বিজ্ঞান মেলা আয়োজন করার প্রধান উদ্দেশ্য হচ্ছে বর্তমান প্রজন্মের ছাত্রছাত্রীদের বিজ্ঞানমূর্চ্ছা করে তোলা। গতকাল সাক্ষৰ্ম দ্বাদশ শ্রেণি ইংরেজী মাধ্যম বিদ্যালয়ে আন্তঃ বিদ্যালয় ভিত্তিক ঋষি সুশ্রুত বিজ্ঞান মেলার বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানের উদ্বোধন করে একথা বলেন তিনি। তিনি বলেন, এক ত্রিপুরা, শ্রেষ্ঠ ত্রিপুরা, গঠনে প্রত্যেক ছাত্রছাত্রীকে দায়িত্ব নিয়ে এগিয়ে আসতে হবে। দুর্নীতিমুক্ত সমাজ গঠন করতে হলে প্রত্যেক ছাত্রছাত্রীকে গুণগত শিক্ষা গ্রহণ করতে হবে। ছাত্ররা ১০৫টি বিজ্ঞান মডেল নিয়ে মেলায় অংশ নিয়েছে।

\*\*\*\*\*

### **Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৮শে ডিসেম্বর, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১২৯তম পর্ব।

\*\*\*\*\*

### **Prashasan Gaon Ki Ore :**

"প্রশাসন গাঁও কে অর" কর্মসূচির অঙ্গ হিসেবে গতকাল খোয়াই জিলা পরিষদের মাঠে প্রথমবারের মতো ডি-এম জনতা দরবার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে গোটা জেলার মানুষের অভাব, অভিযোগ, সমস্যা, কর্মসংস্থান

ইত্যাদি বিষয়গুলো নিয়ে জেলাশাসকের সঙ্গে সরাসরি কথা বলার ব্যবস্থা করা হয়।

\*\*\*\*\*

### **Blood Donation :**

সমবায় মন্ত্রী শুল্কারণ নোয়াতিয়া গতকাল শান্তিরবাজার মহকুমা অঞ্চলিক কার্যালয়ে অঞ্চলিক ও জনোৱা পরিষেবা দপ্তরের উদ্যোগে রক্তদান শিবিরের উদ্বোধন করেন। শিবিরে ৫০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

\*\*\*\*\*

### **MBB College-Seminar :**

মহারাজা বীরবিক্রম মহাবিদ্যালয়ের রাবীন্দ্র হলে 'রিভিজিটিং অ্যান্ড রিকনস্ট্রাকটিং দ্য ইন্সিটিউট ইন্ডিয়া-উইথ স্পেশাল রেফারেন্স টু ট্রিপুরা' শীর্ষক আলোচনাচক্র গতকাল থেকে শুরু হয়েছে। দু'দিনব্যাপী এই আলোচনাচক্রের উদ্বোধন করেন ট্রিপুরা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন উপাচার্য পদ্মশ্রী অরুণোদয় সাহা। অনুষ্ঠানে এম.বি.বি. বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. বিভাস দেব এবং ওড়িশার সম্বলপুর বিশ্ববিদ্যালয়ের আমন্ত্রিত অধ্যাপক খণ্ডেন্দু নাথ শেঠিকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়।

\*\*\*\*\*

### **Knock Out Football :**

আজ থেকে অমরপুর রাজামাটি দ্বাদশ শ্রেণি বিদ্যালয় মাঠে শুরু হচ্ছে ভগবান বীরসা মুন্ডা ছাত্রাবাস ভিত্তিক নক আউট ফুটবল প্রতিযোগিতা। চলবে ২২ ডিসেম্বর পর্যন্ত। প্রতিযোগিতায় ১টি জনজাতি ছাত্রাবাস ও ৪টি ছাত্রীবাস থেকে ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করবে।

\*\*\*\*\*

### **Santosh Trophy :**

সন্তোষ ট্রফি জাতীয় সিনিয়র ফুটবল প্রতিযোগিতায় ডি গ্রুপ থেকে নাগাল্যান্ড মূলপর্বে খেলার যোগ্যতা অর্জন করেছে। নিজেদের শেষ খেলায় নাগাল্যান্ড উমাকান্ত মিনি স্টেডিয়ামে গতরাতে ত্রিপুরার সাথে ১-১ গোলে ড্র করে। ফলে ৭ পয়েন্ট নিয়ে নাগাল্যান্ড মূলপর্বে যায়।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। তোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৬ ডিগ্রি সেলসিয়াস।

\*\*\*\*\*

\*\*\*\*\*